

আমাদের বাড়ি আমাদের ভবিষ্যৎ

স্থিতিশীল কমিউনিটির জন্য ভাড়ার নিয়ন্ত্রণ জায়ের শক্তি গড়ে তুলি

সারসংক্ষেপ

Tram Hoang and Ameer Chew | July 2025



গত কয়েক মাস, গণতন্ত্রের ওপর পরিকল্পিত আক্রমণ ফেডারেল সংস্থাগুলোর আবাসন ও মানবাধিকারের গুরুত্বপূর্ণ আইন প্রয়োগের ক্ষমতা হ্রাস করেছে এবং কঠিন লড়াই করে অর্জিত ভোক্তা সুরক্ষা আইন বাতিল হওয়ায় সবাই লোভী ও মূনাফাখোর কর্পোরেট প্রবণতার শিকার হচ্ছেন। তবুও, দেশের প্রত্যন্ত অঞ্চল ও শহরের প্রতিটি কোণে সংগঠকরা বাড়তি ভাড়ার চাপে পড়া ভাড়াটিয়াদের রক্ষা ও অপ্রতিরোধ্য মূনাফার বিরুদ্ধে লড়াই করতে ভাড়া নিয়ন্ত্রণের দাবি জানাচ্ছেন।

এই শক্তিশালী কিন্তু অপ্রচলিত সরঞ্জামটির ব্যবহার বিশাল প্রভাব ফেলতে পারে: যদি ভাড়ার নিয়ন্ত্রণ এমন ৪৫টি রাজ্যে বাস্তবায়িত হয় যেখানে এখনও এমন নীতি নেই, তাহলে অতিরিক্ত ৩ কোটি ১৫ লক্ষ ভাড়াটিয়া পরিবার স্থিতিশীল হবে। যেসব পরিবার ভাড়ার নিয়ন্ত্রণ সম্প্রসারণের ফলে উপকৃত হবে, তাদের মধ্যে ১ কোটি ৯৭ লক্ষ (অথবা ৬০ শতাংশ) নিম্ন-আয়ভূক্ত এবং ১ কোটি ৪৭ লক্ষ (অথবা ৪৭ শতাংশ) হবে জাতিগত সংখ্যালঘু পরিবার। ভাড়ার নিয়ন্ত্রণ সম্প্রসারণ কেবল ভাড়াটিয়াদের ক্ষমতায়ন করবে না, বরং কমিউনিটিকে শক্তিশালী করবে এবং জাতিগত ও অর্থনৈতিক ন্যায়বিচার এগিয়ে নিতে সহায়তা করবে।

ট্যানেন্ট অর্গানাইজার, নীতিনির্ধারক, আইনজীবী এবং গবেষকদের একটি দলের দ্বারা রচিত এই প্রতিবেদনটি এমন যেকোনো সংগঠক বা পক্ষের জন্য একটি টুলকিট হিসেবে কাজ করে যারা ভাড়ার নিয়ন্ত্রণ নিয়ে তাদের আন্দোলন শুরু বা চালিয়ে যাচ্ছেন। এটি কয়েক দশক ধরে চলা আবাসন ন্যায়বিচার আন্দোলনের দাবিকে সমর্থন করে: ব্যক্তিমালিকানাধীন বাজারের উপর নির্ভরতা—এবং আরো গুরুত্বপূর্ণ হচ্ছে, নিয়ন্ত্রণহীন নীতি—আমাদের ক্রমবর্ধমান মাস্তুরী আবাসনের চাহিদা পূরণ করতে পারবে না, এমনকি কম ভাড়ার বাসস্থানের দ্রুত বিলুপ্তির প্রতিস্থাপনও সহায়তা করবে না। এছাড়াও, ভাড়ার নিয়ন্ত্রণ ও তার বাইরেও ক্ষমতা গঠনের পথ খুঁজে নিতে এটি শক্তিশালী তথ্য-উপাত্ত, নীতিমালা নির্দেশিকা, কোশলগত ভাবনা এবং মার্চপথীয়ের অভিজ্ঞতা প্রদানে সহায়তা করে। এই প্রতিবেদনটি পাঁচটি ভাগে বিভক্ত:

ধারা ১

ভাড়ার নিয়ন্ত্রণ কী?

ভাড়ার নিয়ন্ত্রণ হলো আবাসন নীতির এমন একটি মূল স্তম্ভ যা আমাদের আগ্রাসী মূনাফা বাজার থেকে পরিবার এবং পুরো কমিউনিটিকে সুরক্ষা ও স্থিতিশীলতা প্রদান করে। এই অংশে শক্তিশালী নীতি প্রণয়নের মূল নীতিগুলো তুলে ধরা হয়েছে এবং পাঠকদের জন্য ভাড়ার নিয়ন্ত্রণের সংক্ষিপ্ত ইতিহাস তুলে ধরা হয়েছে, যা বর্তমান সময়কে আমেরিকার আবাসন নীতি ও রিয়েল এস্টেট ইতিহাসের প্রেক্ষাপটে উপস্থাপন করে। উল্লেখযোগ্য দিকগুলো:

- সংগঠকদের লক্ষ্য হওয়া উচিত খালি ইউনিটের নিয়ন্ত্রণ (ভ্যাকুয়াম কন্ট্রোল), সর্বচ্চ পরিসর, কম ফাঁকাকোর ও ছাড় বিবেচনায় এমন একটি ভাড়াটিয়া-কেন্দ্রিক প্রোগ্রাম ডিজাইন করা যেখানে শক্তিশালী বাস্তবায়ন ও নজরদারির ব্যবস্থা থাকবে।
- যুক্তরাষ্ট্রে ভাড়ার নিয়ন্ত্রণের একশ বছরের দীর্ঘ ইতিহাস রয়েছে। এই ইতিহাসের সঙ্গে জড়িত আরেকটি দীর্ঘতর ইতিহাস হলো এমন বিভিন্ন গোষ্ঠীর কায়ক্রম, যারা মার্কিন সম্পত্তির অধিকারের জাতিগত-ধনিক চরিত্র রক্ষায় কাজ করেছে এবং ভাড়াটিয়াদের দেশের রাজনৈতিক ও সামাজিক ব্যবস্থার প্রাপ্য অংশীদার হিসেবে স্বীকৃতি দিতে অস্বীকৃতি জানিয়েছে।

লড়াইয়ের ময়দান বোঝা

সংগঠক ও সমর্থকেরা যখন আন্দোলন পরিকল্পনা ও বাস্তবায়ন করেন, তখন এটি বোঝা অপরিহার্য যে ভাড়াটিয়া ও শ্রমজীবীরা কী ধরনের পরিস্থিতিতে বসবাস করছেন, কোন শক্তিগুলো অসমতা আরও বাড়িয়ে দিচ্ছে এবং কোন শক্তিগুলো আবাসন ন্যায়বিচার আন্দোলনকে দুর্বল করতে কাজ করছে। এই অংশটি ভাড়াটিয়াদের বসবাসের অভিজ্ঞতা থেকে প্রাপ্ত জ্ঞানকে বিরোধীদের গবেষণার তথ্যের মাধ্যমে সমৃদ্ধ করার চেষ্টা করে। উল্লেখযোগ্য দিকগুলো:

- ১৫ মিলিয়ন—অথবা ৮২ শতাংশ—ভাড়াটিয়া পরিবার, যাদের আয় ফেডারেল দারিদ্র্যসীমার ২০০ শতাংশের নিচে, তারা তাদের আয়ের ৩০ শতাংশের বেশি ভাড়ার পেছনে খরচ করতে বাধ্য হয়। এর মধ্যে ৬৬ শতাংশ নিম্ন-আয়ভুক্ত ভাড়াটিয়া তাদের আয়ের আধেকেরও বেশি ভাড়ায় খরচ করছেন।^১
- ২০১৩ সাল থেকে যুক্তরাষ্ট্রে প্রতি মাসে ৬০০ ডলারের নিচে ভাড়ায় পাওয়া ২৬ লাখের বেশি মাস্ত্রী বাসস্থান হারিয়ে গেছে—এর একটি বড় কারণ হলো বাড়িওয়ালাদের লাগামছাড়া ভাড়া বৃদ্ধির প্রবণতা।^২
- বর্তমানে প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারীরা যুক্তরাষ্ট্রের বেশিরভাগ ভাড়ার ইউনিটের মালিক, এবং তাদের থামার কোনো লক্ষ্য দেখাচ্ছে না।^৩ এই প্রাইভেট ইকুইটি ফান্ডগুলো স্পষ্ট তাদের ইউনিটে বসবাসকারী ভাড়াটিয়াদের ওপরই প্রভাব ফেলছে না, বরং তারা সামগ্রিক আবাসন পরিবেশে প্রভাব বিস্তার করে এবং ছোট বাড়িওয়ালাদের ভাড়া বাড়ানোর সুযোগ তৈরি করে।
- এই প্রতিবেদনে বিশ্লেষণ করা ছয়টি কর্পোরেট বাড়িওয়ালার সংগঠন ২০২০ থেকে ২০২৩ অর্থবছরের মধ্যে ফেডারেল লবিংয়ে অধিস্থান্য ভাবে ৩২৬ মিলিয়ন ডলার ব্যয় করেছে এবং এই সময়ে তারা সম্মিলিতভাবে ১.৮৬ বিলিয়ন ডলারের রাজস্ব অর্জন করেছে।^{৪,৫}

কেন ভাড়ার নিয়ন্ত্রণ প্রয়োজন

ভাড়া নিয়ন্ত্রণ কার্যকরী: এটি বর্তমান ভাড়াটিয়াদের জন্য আবাসনের স্থিতিশীলতা ও মাস্ত্রীযোগ্যতা ত্বরিতভাবে উন্নত করতে সক্ষম, যা অন্য কোনো নীতিমালার দ্বারা সম্ভব নয়। আবাসনের স্থিতিশীলতা পরোক্ষভাবে পুরো কমিউনিটির জন্য অর্থনৈতিক, স্বাস্থ্য, শিক্ষা, নাগরিক অধিকার এবং জলবায়ুবিষয়ক নানা সুবিধা নিশ্চিত করে। এবং বাড়ির মালিক হোক কিংবা ভাড়াটিয়া উভয়ের জন্যই ভাড়া নিয়ন্ত্রণ নীতি ভোটের সময় অত্যন্ত জনপ্রিয়। এই অংশটি সংগঠক ও সমর্থকদের শক্তিশালী বক্তব্য, নির্ভরযোগ্য তথ্য এবং প্রমাণ দিয়ে সমৃদ্ধ করে যাতে তারা সাধারণ জনগণকে সচেতন করতে এবং নীতিনির্ধারকদের ভাড়ার নিয়ন্ত্রণে সমর্থন দিতে প্রভাবিত করতে পারে। উল্লেখযোগ্য দিকগুলো:

- ভাড়ার নিয়ন্ত্রণ অপেক্ষাকৃত বেশি উপকারে আসে নিম্ন-আয়ভুক্ত ভাড়াটিয়া, বর্ণবাদী বৈষম্যের শিকার মানুষ এবং প্রান্তিক জনগোষ্ঠীরা। এর সুদূরপ্রসারী প্রভাব ও দ্রুত ফলাফল এটিকে উৎখাতরোধে একটি গুরুত্বপূর্ণ নিরাপত্তা বলয় করে তোলে এবং বিদ্যমান মাস্ত্রী ও কম ভাড়ার আবাসন সংরক্ষণে সহায়তা করে।
- ভাড়ার নিয়ন্ত্রণ আরও কার্যকর হয় যখন এতে খালি ইউনিটের নিয়ন্ত্রণ (ভ্যাকেন্সি কন্ট্রোল) থাকে—যা ভাড়াটিয়া চলে যাওয়ার পরও ভাড়ার বৃদ্ধি সীমিত রাখে।
- যদি আবাসন মাস্ত্রী হয়, তাহলে সবাই উপকৃত হয়। ২০২০ সালে, যদি দেশের সব ভাড়াটিয়া ভাড়ার অতিরিক্ত চাপের মধ্যে না পড়তেন, তাহলে তারা অতিরিক্ত ১৪১ বিলিয়ন ডলারের ব্যয়যোগ্য আয় পেতে পারতেন।^৬ এই অপচয় মানে হলো বিলিয়ন ডলারের সম্ভাব্য বিনিয়োগ, যা স্থানীয় কমিউনিটি ও অর্থনীতিতে পুনরায় বিনিয়োগ করা যেত।
- অ্যারিজোনা থেকে পেনসিলভেনিয়া, নিউ ইয়র্ক থেকে ওয়াশিংটন পর্যন্ত, ভাড়াটিয়া ও বাড়ির মালিকদের বিশাল সংখ্যাগরিষ্ঠ অংশ ভাড়ার নিয়ন্ত্রণের পক্ষে—এবং সুইং স্টেটগুলোতে ভোটের হিসাবে নিবন্ধিত ৭৮ শতাংশ ভাড়াটিয়া বলেছেন, তারা এমন রাজনীতিবিদকে ভোট দিতে আগ্রহী যারা ভাড়ার নিয়ন্ত্রণকে সমর্থন করেন। স্থানীয় ও স্টেট পর্যায়ে, যারা ভাড়ার নিয়ন্ত্রণকে সমর্থন করছেন, তারা নিরাচনে জয়ী হচ্ছেন।

টিকা সরঞ্জাম: ভাড়ার নিয়ন্ত্রণের বিরুদ্ধে প্রচলিত যুক্তির জবাব

রিয়েল এস্টেট শিল্প ভুল তথ্য ছড়ানো এবং ভীতিকর প্রচারণার সময় ও অর্থ বিনিয়োগ করেছে। এই অংশটি সংগঠকদের এমন জবাব ও বিশ্লেষণ সরবরাহের জন্য তৈরি করা হয়েছে, যা প্রচলিত ভুল ধারণা ও ভ্রান্ত প্রচার মোকাবিলা করতে সাহায্য করার এবং এতে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত জনগণের গল্পকে কেন্দ্রীভূত করা হয়েছে। উল্লেখযোগ্য দিকগুলো:

- ভাড়ার নিয়ন্ত্রণ আবাসন নির্মাণ কমিয়ে দেয় না, বা আবাসিকভাবে রক্ষণাবেক্ষণের মান হ্রাস করে না। এটি বাড়িওয়ালাদের জন্য বিনিয়োগের উপর ন্যায় লাভ নিশ্চিত করে।
- সরবরাহ এককভাবে আমাদের শাস্ত্রীয় আবাসনের সংকট সমাধান করতে পারে না, এবং মুনাকাভিতিক বাজার সেই পরিমাণ শাস্ত্রীয় আবাসন তৈরি করতে চায় না বা পারেও না, যতটা আমাদের কমিউনিটিগুলোতে প্রয়োজন।
- আকার ভেদে সব বাড়িওয়ালাই, নিয়ন্ত্রিত বাজারে তাদের ব্যবসা পরিচালনা করেন। ভাড়ার নিয়ন্ত্রণের মূল উদ্দেশ্য হলো শোষণমূলক মুনাকালোভী আচরণ রোধ করা। কোনো ব্যবসায়িক প্রতিষ্ঠানকেই, তার আকার যাই হোক না কেন, যৌক্তিক নিয়মনীতি উপেক্ষা করার সুযোগ দেওয়া উচিত নয়।
- যখন আমরা আমাদের অন্যান্য আবাসন ব্যবস্থার বাস্তবতা বিশ্লেষণ করি, তখন দেখা যায় যে ভাড়ার নিয়ন্ত্রণ হলো বাড়িওয়ালাদের অতিরিক্ত ক্ষমতা নিয়ন্ত্রণের একটি যৌক্তিক প্রতিক্রিয়া। বাড়িওয়ালাদের বাজার-ক্ষমতা নিয়ন্ত্রণের মাধ্যমে ভাড়ার নিয়ন্ত্রণ অর্থনৈতিক ভাড়া হ্রাস করে, যা তারা ভাড়াটিয়াদের কাছ থেকে আদায় করতে পারতেন।

ধারা ৬

ভাড়ার নিয়ন্ত্রণ জায়ের জন্য নির্দেশিকা

সব ভাড়ার নিয়ন্ত্রণ আন্দোলনের পথ এক নয়, এবং এই অংশটি যেকোনো পর্যায়ে আন্দোলনের জন্য সংগঠক ও সমর্থকদের একটি কৌশলগত নির্দেশিকা। এটি ভাড়ার নিয়ন্ত্রণ নীতি প্রণয়নের একটি বিস্তারিত নির্দেশিকা দিয়ে শুরু হয়, যেখানে ফেডারেল ও স্টেট আইন ভাড়ার নিয়ন্ত্রণের আইনগত ভিত্তি এবং স্টেটসের কর্তৃত্বের জটিলতা তুলে ধরে। এতে দেশের বিভিন্ন প্রান্তে পরিচালিত আন্দোলনের অভিজ্ঞতার ভিত্তিতে কেস স্টাডি উপস্থাপন করা হয়েছে, যেখানে দেখানো হয়েছে কীভাবে তারা ভাড়ার নিয়ন্ত্রণের ভিত্তি গড়ে তুলেছে, নীতিমালা জয় করেছে, বিদ্যমান নিয়ন্ত্রণকে রক্ষা ও শক্তিশালী করেছে এবং বাস্তবায়ন ও প্রয়োগের জন্য লড়াই চালিয়ে গেছে। উল্লেখযোগ্য দিকগুলো:

- সঠিক ভাড়ার নিয়ন্ত্রণ নীতি গড়ে তুলতে হলে বর্ণবিচ্ছিন্নতা ও নিম্ন-আয়ের ভাড়াটিয়াদের কেন্দ্র রাখতে হবে, রাজনৈতিক ও আইনগত বাস্তবতার শক্তিশালী বিশ্লেষণ করতে হবে, এবং জায়ের জন্য প্রয়োজনীয় ক্ষমতা গঠনের একটি পরিকল্পনা করতে হবে।
- এখন পর্যন্ত এটি সুপ্রতিষ্ঠিত যে, ভাড়ার নিয়ন্ত্রণ ফেডারেল আইনের লঙ্ঘন নয়। মার্কিন সুপ্রিম কোর্ট বারবার ভাড়ার নিয়ন্ত্রণ আইন সমর্থন করেছে এবং ২০২৪ সালে আদালতের আগের সিদ্ধান্ত পুনর্বিবেচনার চেষ্টাও প্রত্যাখ্যান করেছে।
- স্টেটগুলো আগাম ক্ষমতার অপব্যবহার করতে পারে—যার মাধ্যমে উচ্চতর সরকারী স্তর নিম্নতর স্তরের ক্ষমতা সীমিত বা বাতিল করতে পারে—এবং এটি দমনমূলক ব্যবস্থা জারি রাখতে ও স্থানীয় গণতন্ত্রকে দূরল করতে ব্যবহৃত হতে পারে। কর্পোরেট-চালিত আগাম আইন ৩০টিরও বেশি স্টেট ভাড়ার আবাসনের মূল্যনিয়ন্ত্রণের ক্ষমতা রোধ বা ব্যাহত করেছে।

এই অংশ কেস স্টাডির নির্দেশিকা

প্রচারণার পর্যায়	সংগঠন	নীতি	প্রচারণার পথ	মূল কৌশলসমূহ
ভাড়া নিয়ন্ত্রণের ভিত্তি তৈরি করে এমন বিজয়ী নীতিমালা	কালোরাডো হোমস ফর অল (COHFA)	স্টেটব্যাপি উচ্ছেদের কারণ	আইনসভার মাধ্যমে স্টেট আইন প্রণয়ন	বর্ণনামূলক শৃঙ্খলা অনুশীলন করা; ভবিষ্যতের জয়কে দূর্বল করে এমন আপস এড়িয়ে চলা।
ভাড়ার নিয়ন্ত্রণ বিজয়	গ্যালায়েক্স অব ক্যালিফোর্নিয়ানস ফর কমিউনিটি ইমপাওয়ারমেন্ট ACCE)	স্টেটব্যাপি ন্যায়সঙ্গত কারণ এবং ভাড়া নিয়ন্ত্রণ	আইনসভার মাধ্যমে স্টেট আইন প্রণয়ন	শ্রমিক ইউনিয়নের সাথে জোট গড়ে তোলা; প্রভাবশালী লোকদের প্রভাবকে কাজে লাগানো।
	মেক দ্যা রোড কানেকটিকাট	স্টেটব্যাপি ভাড়ার নিয়ন্ত্রণ	আইনসভার মাধ্যমে স্টেট আইন প্রণয়ন	ভাষাগত ন্যায়বিচারের গুরুত্বকে কেন্দ্র করে; কৌশলগতভাবে ডিস্ট্রিক্টগুলিতে প্রচারণা চালানো।
ভাড়া নিয়ন্ত্রণ রক্ষা এবং শক্তিশালীকরণ	হাউজিং জাস্টিস ফর অল, নিউইয়র্ক (HJ4A)	স্টেটব্যাপি ন্যায়সঙ্গত কারণ এবং ভাড়া নিয়ন্ত্রণ	আইনসভার মাধ্যমে স্টেট আইন প্রণয়ন	ধারাবাহিকভাবে অ্যাডভোকেসি বৃদ্ধি করা; উত্তরণ থেকে বাস্তবায়নের দিকে এগিয়ে যাওয়া।
	কাসা	প্রিন্স জর্জ এবং মন্টগোমেরি কাউন্টিতে কাউন্টিব্যাপি ভাড়া নিয়ন্ত্রণ	কাউন্টি কমিশনের মাধ্যমে কাউন্টি আইন প্রণয়ন	অস্থায়ী ব্যবস্থা গ্রহণের মাধ্যমে ভিত্তি স্থাপন; ভাড়া নিয়ন্ত্রণকে নির্বাচনী ইস্যুতে পরিণত করা।
ভাড়া নিয়ন্ত্রণ বাস্তবায়ন এবং প্রয়োগ	পাসাডেনা ট্যানেন্টস ইউনিয়ন (PTU)	সিটিজুড়ে শুধু কারণ এবং ভাড়া স্থিতিশীলকরণ	ক্যালিফোর্নিয়ার পাসাডেনায় ব্যালট উদ্যোগ	ভাড়া বোর্ড কার্ভামো নিয়ে আলোচনা; একটি নতুন সিটি বিভাগ নির্মাণ এবং কর্মী নিয়োগ।
	হাউজিং জাস্টিস সেন্টার (HJC)	সিটিব্যাপি ভাড়ার নিয়ন্ত্রণ	মিনেসোটার সেন্ট পাল ব্যালট উদ্যোগ	ব্যক্তিগত পদক্ষেপের অধিকারকে কাজে লাগানো; প্রশাসনিক ক্ষমতা প্রয়োগকারীদের পাশ্চ কথ্য বলা।

গৃহীনতা রোধ, ভাড়াটিয়াদের সুরক্ষা, এবং আমাদের কমিউনিটিগুলোর বিকাশ নিশ্চিত করতে এখন আগের যেকোনো সময়ের চেয়ে জরুরি পদক্ষেপ বেশী প্রয়োজন। সারা দেশে সংগঠক ও অধিকারকর্মীরা এই অনিশ্চিত ফেডারেল পরিস্থিতির প্রেক্ষাপটে স্টেট ও স্থানীয় ক্ষমতার গুরুত্বের সাথে নিয়ে সংগ্রাম চালিয়ে যাচ্ছেন। সফল প্রচেষ্টা থেকে প্রাপ্ত বিজ্ঞেয় এবং শিক্ষাগুলি একত্র সংগঠকদের ভাড়া নিয়ন্ত্রণের জন্য কৌশলগত প্রচারণা এবং এগিয়ে নেওয়ার জন্য প্রয়োজনীয় সরঞ্জাম সরবরাহ করে।

সম্পূর্ণ প্রতিবেদন ডাউনলোড করুন এখান থেকে: <https://www.policylink.org/resources/publications/our-homes-our-future>

NOTES

- 1 National Equity Atlas analysis of 2022 5-year American Community Survey microdata from IPUMS USA.
- 2 Whitney Airgood-Obrycki, Alexander Hermann, and Sophia Wedeen, “Deteriorating Rental Affordability: An Update on America’s Rental Housing 2024,” Research Brief. Harvard Joint Center for Housing Studies, December 2024, p. 9, https://www.jchs.harvard.edu/sites/default/files/research/files/harvard_jchs_rental_affordability_airgood-obrycki_2024.pdf; Wedeen, “Low-Cost Rentals Have Decreased in Every State | Joint Center for Housing Studies,” Housing Perspectives, July 6, 2023, <https://www.jchs.harvard.edu/blog/low-cost-rentals-have-decreased-every-state>.
- 3 Lee, Hyojung. “Who Owns Rental Properties, and Is It Changing? | Joint Center for Housing Studies.” *Joint Center for Housing Studies*, August 18, 2017. <https://www.jchs.harvard.edu/blog/who-owns-rental-properties-and-is-it-changing>.
- 4 Lobbying data from Propublica’s Nonprofit Explorer tool.
- 5 Revenue data from Propublica’s Nonprofit Explorer tool.
- 6 National Equity Atlas analysis of 2020 5-year American Community Survey microdata from IPUMS USA.

PolicyLink

Headquarters

1438 Webster Street
Suite 303
Oakland, CA 94612
t (510) 663-2333

www.policylink.org

LinkedIn: /PolicyLink

Instagram: @policylink



Headquarters

449 Troutman Street
Suite A
Brooklyn, NY 11237
t (347) 985-2220

populardemocracyinaction.org

Facebook: /CPDAction

X: @popdemocaction

Instagram: @popdemocaction



Headquarters

388 Atlantic Ave
3rd Floor
Brooklyn, NY 11217
t (844) 788-2489

www.righttothecity.org

Facebook: /ourcityrttc

X: @ourcityRTTC

Instagram: @ourcityrttc